



গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবন থেকে একটি 'ভূয়া টাইম বোমা' উদ্ধার করেন আর্মি জোয়ানরা — সংবাদ

ঢাঃ বিঃ ক্যাম্পাসে 'ভূয়া' বোমা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

'ভূয়া টাইম বোমা' আতংকে গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে হুলস্থূল কাণ্ড ঘটে গেছে। আর্মি জোয়ানরা এসে ভূয়া বোমাটি 'উদ্ধার' করে নিয়ে গেছেন।

আর্মি জোয়ানরা বোমা উদ্ধার করে দেখতে পান, লাল রুচটেপ জড়ানো একটি দুধের কোটার (কনডেন্সড মিল্ক) সাথে তার দিয়ে সংযুক্ত একটি সচল ঘড়ি ও ৪টি ব্যাটারি। তারের সংযোগ বিচ্ছিন্ন করে ঘড়ি অচল করে দিয়ে কোটা খুলে আর্মি জোয়ানরা দেখতে পান কোটার মধ্যে কোন বিস্ফোরক দ্রব্য নেই। শুধু মাটি ভরা।

সকাল ১১টার দিকে এক কর্মচারী কলাভবনের ৪র্থ তলায় পরীক্ষা কেন্দ্রে টেবিলের উপর এ ভূয়া টাইম বোমাটি আবিষ্কার করে। বোমা দেখে ওই কর্মচারী এক কর্মকর্তাকে ঘটনাটি জানায়। ওই কর্মকর্তা উপাচার্যকে বিষয়টি জানালে উপাচার্য পুলিশে খবর দেন। উপাচার্যের দেয়া তথ্যের ভিত্তিতে পুলিশের এডিসি (দক্ষিণ), দুজন এসি (রমনা এবং ক্যাম্পাস) ফোর্সসহ ক্যাম্পাসে আসে। কিন্তু পুলিশ বোমা উদ্ধারের ব্যাপারে অপারগতা জানালে আর্মিকে খবর দেয়া হয়। পরে আর্মি জোয়ানরা লাইফ জ্যাকেট ও আত্মরক্ষার ব্যবস্থাসহ বোমাটি উদ্ধার করে। এ সময় সমগ্র কলাভবনের গেট ও দরজা বন্ধ করে দেয়া হয়। কলাভবনে বোমার খবর শুনে সমগ্র কলাভবনে আতংক ছড়িয়ে পড়ে এবং মুহূর্তের মধ্যে কলাভবন ফাকা হয়ে যায়।